কারা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০১ আশ্বিন ১৪৩৩/১৫ সেপ্টেম্বর ২০২৬

নং ৪৪.০০.০০০০.০০০.১৭৪.০৪.০০০২.২৪-১০৮—জনাব ফারহু আহমেদ চৌধুরী, ব্যুরো চিফ, এনটিভি, ইউরোপ (ID NO. UKHO-016) এর সাজা স্থগিতের বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে বাংলাদেশের সংবিধানের ৪৯ অনুচ্ছেদ এবং The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898)-এ প্রদত্ত ক্ষমতাবলে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, হবিগঞ্জ কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন মামলা (হবিগঞ্জ) নম্বর: ২৬/২০০৫ এবং নবীগঞ্জ থানার মামলা নং-৩১, তারিখ: ২৫-০৮-২০০৪ হতে উদ্ভূত জি. আর মামলা নং-৪৫১/২০০৪ (হবি)-এ প্রদত্ত দণ্ডাদেশ এর বিরুদ্ধে আদালতে আত্মসমর্পণপূর্বক আপিল দায়েরের শর্তে ০১ (এক) বছরের জন্য সাজা নির্দেশক্রমে স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো. আমিনুল ইসলাম
উপসচিব।

আইন-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩/১৩ সেপ্টেম্বর ২০২৬

নং ৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১১৪—এতদ্বারা আদিষ্ট হয়ে বরিশাল জেলার গৌরনদী থানার মামলা নং-২৪, তারিখ-২৭-১০-২০২৫ অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/৪৮৮/২৯৫/৪২৭/৫০৬ ধারায় অভিযোগ দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন
উপসচিব।

পুলিশ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৮৫১—যেহেতু, জনাব আ ফ ম নিজাম উদ্দিন, পিপিএম-বার (বিপি-৭৮০৮১২১৫৮৮), পুলিশ সুপার (টিআর), পুলিশ অধিদপ্তর, ঢাকা বর্তমানে রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর-এ সংযুক্ত আছেন। বর্ণিত কর্মকর্তা মিরপুর সেনানিবাসে চলমান ডিএসসিএসসি-২০২৬ কোর্সে অংশগ্রহণের জন্য

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ' এর শাস্তিযোগ্য অপরাধে একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী বিগত ৩১-০৮-২০২৬ তারিখ হতে তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী জনাব আ ফ ম নিজাম উদ্দিন, পিপিএম-বার (বিপি-৭৮০৮১২১৫৮৮)-কে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

৪। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব।

পানিসম্পদ মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩/১৫ সেপ্টেম্বর ২০২৬

নং ৪২.০০.০০০০.০৩১.০৬.০৫৬.১৬.৪৮২—নদী গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৫৩ নম্বর আইন) এর ৬(১)(গ) ধারা বলে সরকার নদী গবেষণা ইনস্টিটিউট এর পরিচালনা বোর্ডের সদস্য হিসেবে ত্রয়োদশ জাতীয় সংসদের ফরিদপুর-৪ আসন থেকে নির্বাচিত মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ শহিদুল ইসলাম-কে মনোনীত করেছেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব।

জাতীয় রাজস্ব বোর্ড

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫২/২০২৬/কাস্টমস/৫২২**।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এর প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স পোর্টল্যান্ড সার্ভিসেস লিমিটেড [বন্ড লাইসেন্স নং-এস-৪-৩২/বন্ড/৮৪(HB301PS03284), তারিখ: ১৬-০৮-১৯৮৪ খ্রি.] নামীয় Ship Stores & Crew Bonded Warehouse (Duty Free Shop) প্রতিষ্ঠানের অনুকূলে ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি

ক্রঃ নং	পণ্যের বিবরণ	আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
(১)	(২)	(৩)
০২	Alcoholic Beverage (liquor, Whisky, Beer, Wine, Vodka), Cigarettes & Tobacco, Cosmetic and Toiletries	৬২,১৭৭.১২
০৩	**Consignment ভিত্তিক পণ্য:** (লুব্রিকেন্টস, লুব্রিকেটিং অয়েল, পেইন্ট, থিনার)	০০.০০
মোট = (পঁয়ষট্টি হাজার একশত বাইশ দশমিক আটাশি) মার্কিন ডলার		৬৫,১২২.৮৮

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রায়হানুজ্জামান
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরী বোর্ড শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০২০.১২-৯৭—নং মজুরী/পাঁচ/৩/৮১/২৮০ তারিখ: ৭ আগস্ট, ১৯৮৩ মোতাবেক নিম্নতম মজুরী অধ্যাদেশের [১৯৬১ সনের অধ্যাদেশ নং ৩৯-এর ৫(২) ধারা এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) ধারার] বিধি মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে "টাইপ ফাউন্ড্রি" শিল্পের গেজেট প্রকাশ করা হয়। বর্তমানে "টাইপ ফাউন্ড্রি" শিল্পের অস্তিত্ব নেই "টাইপ ফাউন্ড্রি" শিল্পকে নিম্নতম মজুরী বোর্ড ঘোষিত শিল্প সেক্টরের তালিকা থেকে বাদ দেয়া হলো এবং ইতিঃপূর্বে ঘোষিত ০৭ আগস্ট ১৯৮৩ তারিখের নিম্নতম মজুরি নির্ধারণের জন্য প্রকাশিত গেজেটটি বাতিল করে প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: মাহবুবুর রহমান
উপসচিব।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩/১৪ সেপ্টেম্বর ২০২৬

নং ২৫.০০.০০০০.০৫৩.০৬.০০৬.২০০০.৩৬৯—ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এর ধারা ২(ক)-তে প্রদত্ত ক্ষমতাবলে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নগর পরিকল্পক (ভা:) জনাব মোঃ রাহেনুল ইসলাম রনী-কে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যান অধিভুক্ত এলাকায় ইমারত

প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩/১৩ সেপ্টেম্বর ২০২৬

নং ২৫.০০.০০০০.১২৩.৯৯.০০২.১৬.৫৯৯—ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এর ২(ক) ধারার প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর নিম্নোক্ত কর্মকর্তাকে অথরাইজড অফিসার হিসেবে নির্দেশক্রমে দায়িত্ব পালনের ক্ষমতা অর্পণ করা হলো।

কর্মকর্তার নাম, পদবি এবং কর্মস্থল	প্রদানকৃত ক্ষমতা
মিজ্ তামান্না বিনতে রহমান অথরাইজড অফিসার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা	অথরাইজড অফিসার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা।

শর্তাবলি:

(১) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ একটি উচ্চ পর্যায়ের কমিটি দ্বারা প্রতি ০৬ (ছয়) মাস পর পর তাঁদের সততা, দক্ষতা কাজের পরিমাণ, গুণগত মান এবং নাগরিকের প্রতি সেবার মানসিকতা বিষয়ে মূল্যায়ন প্রতিবেদন তৈরি করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(২) আগামী ০১ (এক) বছরের জন্য অথরাইজড অফিসারের ক্ষমতা অর্পণ করা হবে এবং প্রতি ০৬ (ছয়) মাস পরপর রাজউক তাদের কাজের মান ও স্বচ্ছতার বিষয়ে প্রতিবেদন তৈরি করবে এবং মন্ত্রণালয়ের রাজউক সংশ্লিষ্ট সভায় উপস্থাপন করবে;

(৩) রাজউক উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠনপূর্বক তাদের কার্যক্রম মূল্যায়ন করবে এবং ব্যত্যয় হলে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোছাঃ লুৎফুন নাহার নাজীম
উপসচিব।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
নজরুল ও কারুশিল্প শাখা